


# কুবি শিক্ষিকার বিরুদ্ধে গবেষণা চুরির অভিযোগ

কুবি প্রতিনিধি

২১ মার্চ ২০২৫, ০১:৫৬ পিএম



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ইসরাত জাহান নিম্নীর বিরুদ্ধে এক শিক্ষার্থীর গবেষণা পত্র নিজের নামে প্রকাশের অভিযোগ উঠেছে। অভিযোগকারী নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইংরেজি বিভাগের সাবেক শিক্ষার্থী রিফাত সুলতানা জাহান।

UNIBOTS

লিখিত অভিযোগে রিফাত সুলতানা জাহান উল্লেখ করেন, ২০১৯ সালে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইংরেজি বিভাগের তৎকালীন সহকারী অধ্যাপক ইসরাত জাহান নিম্নীর অধীনে ‘Subjugation, Marginalization and Double Colonization: A Reading of The Avarodhbasini, The Dark Holds No Terrors and The God of Small Things’ শিরোনামে এম.এ থিসিস সম্পন্ন করি। সম্প্রতি আমি জানতে পেরেছি আমার কোনরূপ অনুমতি বা সম্মতি ব্যতীত ‘International Journal of English Literature and Social Sciences, Vol-9, Issue-6, Nove-Dec 2024’ শীর্ষক জার্নালে ‘Breaking the Silence: A Quest for Self in Shashi Deshpande's The Dark Holds No Terrors’ শিরোনামে ৩১ ডিসেম্বর ২০২৪ সালে একটি প্রবন্ধ (আর্টিকেল) প্রকাশ করেন যেখানে তিনি আমাকে দ্বিতীয় লেখক হিসেবে উল্লেখ করেন।

অভিযোগে আরও বলা হয়, সহকারী অধ্যাপক নিম্নীর প্রকাশিত নিবন্ধের একটি উল্লেখযোগ্য অংশ (৫টি অনুচ্ছেদ বা প্যারাগ্রাফ) তিনি আমার এম.এ থিসিসের মূল বইয়ের ৩ নং অধ্যায় থেকে সরাসরি অনুলিপি করেছেন। আমার মূল থিসিস ছাড়াও ৬ জানুয়ারি ২০১৯ সালে তাকে প্রেরণকৃত থিসিসের খসড়া নমুনার ৫ নং অধ্যায়, ২৩ শে আগস্ট ২০১৯ এই প্রেরণকৃত থিসিসের বই আকারের খসড়া নমুনার ৪ নং অধ্যায় এবং আমার থিসিস উপস্থাপন (প্রেজেন্টেশন) থেকেও তিনি অনুলিপি, ভাবানুবাদ (প্যারাহফেজিং) এবং পুনর্ব্যক্ত যুক্তি (রিফ্রেজিং) ব্যবহার করেছেন। এই নিবন্ধের মূল যুক্তি (প্রবলেম স্টেটমেন্ট) এবং বিশ্লেষণ (ডিসকাশন) আমার এমএ থিসিসের ৩ নং অধ্যায়ের প্রতিফলন করে। এমনকি তার প্রকাশিত নিবন্ধের শিরোনামও ৬ জানুয়ারি ২০১৯ এ তাকে প্রেরণকৃত থিসিসের খসড়া নমুনা ৫ নং অধ্যায়ের শিরোনামের প্রতিফলন করে।

গত ১৩ মার্চ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেনের কাছে লিখিত অভিযোগ জমা দেন রিফাত সুলতানা জাহান।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, ‘আমি অভিযোগ পেয়েছি, এই ব্যাপারে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।’

উল্লেখ্য, ২০১৯ সালে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক ছিলেন ইসরাত জাহান নিম্নী। ২০২৩ সালের ২২ ফেব্রুয়ারী সহকারী অধ্যাপক পদে নিয়োগ পান ইসরাত জাহান নিম্নী।